



তেহরানসহ ইরানের বিভিন্ন স্থানে ইসরায়েলের হামলা



ইসরায়েলি বিমান হামলার পর তেহরানের একটি ভবন থেকে ধোঁয়া উড়ছে। ছবি: সংগৃহীত

ইরানের রাজধানী তেহরানসহ একাধিক স্থানে ইসরায়েলের হামলার খবর পাওয়া গেছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) কাতারভিত্তিক সংবাদমাধ্যম Al Jazeera এ তথ্য প্রকাশ করে।

প্রতিবেদনে বলা হয়, তেহরানের কেন্দ্রাঞ্চলে জোরালো বিস্ফোরণের শব্দ শোনা গেছে এবং বিভিন্ন জায়গায় ধোঁয়ার কুণ্ডলী উঠতে দেখা গেছে। ইরানের সংবাদ সংস্থা Fars News Agency জানিয়েছে, ইউনিভার্সিটি স্ট্রিট ও জোমহুরি এলাকায় একাধিক ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে। শহরের পশ্চিম অংশ থেকেও অন্তত দুটি বিস্ফোরণের শব্দ শোনার কথা জানিয়েছেন স্থানীয় সংবাদদাতারা।

পরিস্থিতির প্রেক্ষিতে ইসরায়েলি সেনাবাহিনী জরুরি অবস্থা জারি করেছে। সম্ভাব্য ক্ষেপণাস্ত্র হামলার আশঙ্কায় নাগরিকদের আশ্রয়কেন্দ্রের কাছাকাছি থাকার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানানো হয়।

পৃথক ঘোষণায় বলা হয়েছে, জরুরি সেবা ছাড়া দেশের সব ধরনের কার্যক্রম সাময়িকভাবে স্থগিত থাকবে। শিক্ষাপ্রতিষ্ঠান, জনসমাবেশ এবং অপ্রয়োজনীয় কর্মস্থল বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।